

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৪০

আগরতলা, ১৫ ডিসেম্বর, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কনফারেন্স হলে গতকাল জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি হরিদুলাল আচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন এই কমিটির বিভিন্ন সদস্য সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় শিক্ষা দপ্তরের আধিকারিক জানান, ডুকলি রুকের অন্তর্গত সূর্যমণিনগর বিদ্যালয়েতে স্কুলের নতুন ভবনের নির্মাণ কাজ শেষ হয়েছে। এমাসেই স্কুলের নতুন ভবনের উদ্বোধন করা হবে। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের প্রতিনিধি সভায় জানান, জাতীয়স্তরের যুব উৎসব এবছর মহারাষ্ট্রে আয়োজিত হবে। এই যুব উৎসবে অংশগ্রহণের জন্য ত্রিপুরা রাজ্যের ৮টি জেলা থেকে নির্বাচিত ৬০ জন প্রতিযোগী যাবেন। সেখানে তারা ১৩টি ইভেন্টের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। প্রতিনিধি সভায় আরও জানান, সারা রাজ্যের সীমান্ত গ্রামগুলির সাথে পশ্চিম জেলায়ও ১৬টি সীমান্ত গ্রামে এবছর ক্রীড়ামেলা অনুষ্ঠিত হবে। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা প্রতিনিধি সভায় জানান, পশ্চিম জেলায় বর্তমানে ১,৭৪০টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র চালু আছে। এই অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির মাধ্যমে ৬ মাস থেকে ৩ বছর বয়সী ২৩ হাজার ৮৯১ জন শিশু, ৩ বছর বয়স থেকে ৬ বছর বয়সের ২৮ হাজার ৮২৭ জন শিশু, গর্ভবতী মা ৩,৪৭৬ জন এবং প্রসুতি মা ২,৭০৭ জন পরিয়েবা পাচ্ছে। তাদের প্রতিদিন অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির মাধ্যমে পুষ্টিকর খাবার ও অন্যান্য প্রয়োজনীয় পরিমেবা দেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী মাত্র বন্দনা যোজনায় (২.০) ২০২৩, ১ এপ্রিল থেকে নতুন পর্যন্ত জেলার ২,৫৫২ জন প্রসুতি মা প্রথম সন্তানের জন্য ৫,০০০ টাকা করে এবং দ্বিতীয় সন্তানের জন্য ৭৯৮ জন প্রসুতি মা ৬,০০০ টাকা করে এককালীন আর্থিক সহায়তা পেয়েছেন।
